উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প
স্থানীয় সরকার বিভাগ
জনস্বাস্থ্য প্রকৌশল ভবন
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা- ১০০০।

**উন্নয়নের গণতন্ত্র**
**শেখ হাসিনার মূলমন্ত্র**

স্মারক নং- ৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫.২০১৭- ৯২৪(০৯)

তারিখ- ০৭/০২/২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের সম্মতি প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য আপনার উপজেলা হতে প্রেরিত নিম্নোক্ত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পসমূহের বিষয়ে সম্মতি প্রদান করা হল। বর্ণিত উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য নিম্নোক্ত পরিমাণ অর্থ ব্যয় করা যাবে। প্রকল্প বাস্তবায়ন শেষে বিল ও ভাউচারের কপি প্রাপ্তির পর নির্ধারিত নিয়ম অনুসরণে বরাদ্দকৃত অর্থ প্রকল্পের একাউন্ট হতে উপজেলা পরিষদের প্রকল্পের নামীয় একাউন্টে স্থানান্তর করা হবে।

| উপ-প্রকল্প নম্বর | উপ-প্রকল্পের শিরোনাম | অনুমোদিত বাজেট (ভ্যাট ও কর ব্যতীত) (টাকা) |
|---|---|---|
| INF-২০১৭-১৮-৫০৬৯০৯-১ | শহীদ মুক্তিযোদ্ধা মমতাজ উদ্দিন স্মৃতি বাক শ্রবণ ও অটিঃ বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়, মাছিমপুর, বাগাতি পাড়া, নাটোর নিজস্ব জমিতে নতুন বিদ্যালয় ভবন নির্মাণ। | ১২,৮৯,১০৩.০০ |
| INF-২০১৭-১৮-৫০৬৯০৯-২ | উপজেলার ০৫ (পাঁচ) টি ইউনিয়ন পরিষদের আওতায় ০৫ (পাঁচ) টি রিচার্জেবল মডিফাইড এ্যাম্বুলেন্স সরবরাহ। | ১০,০০,০০০.০০ |
| INF-২০১৭-১৮-৫০৬৯০৯-৩ | স্যানিটেশনসহ শিক্ষার পরিবেশ, অবকাঠামো ও গুণগত মান উন্নয়ন প্রকল্প। | ১৭,০৯,০৪৩.০০ |
| | **মোটঃ** | **৩৯,৯৮,১৪৬.০০** |

**কথায়ঃ উনচল্লিশ লক্ষ আটানব্বই হাজার একশত ছিচল্লিশ টাকা মাত্র।**

বরাদ্দকৃত অর্থ নিম্নে বর্ণিত শর্তাবলী যথাযথ অনুসরণ করে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হল।

**প্রকল্প বাস্তবায়নের সময় অনুসরণীয় শর্তাবলীঃ**

- বরাদ্দকৃত অর্থ উপরোল্লিখিত উপ-প্রকল্প বাস্তবায়ন করার জন্য ব্যয় করতে হবে।
- পিপিআর-২০০৮ এবং সর্বশেষ প্রকাশিত সার্কুলার যথাযথভাবে অনুসরণ করে উপ-প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে হবে।
- উপজেলা পরিষদের ক্রয় পরিকল্পনায় উপ-প্রকল্পগুলো অন্তর্ভুক্ত থাকতে হবে।
- ভ্যাট এবং ট্যাক্স ব্যতীত ৪০,০০,০০০.০০ (চল্লিশ লক্ষ) টাকার বেশি ব্যয় করা যাবে না।
- উন্মুক্ত দরপত্র পদ্ধতি আনুসরণ করে ক্রয় প্রক্রিয়া সম্পাদন করতে হবে।
- দরপত্র আহ্বানের ক্ষেত্রে অবশ্যই পিপিআর-২০০৮ এ উল্লিখিত পদ্ধতি অনুসরণে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করতে হবে।
- দরপত্র আহ্বান ও অন্যান্য খরচ নির্বাহের জন্য এডিপি গাইড লাইন অনুসরণে পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- কার্যাদেশ/নোটিফিকেশন অব এওয়ার্ড/চুক্তিনামায় মোট টাকা, ট্যাক্স, ভ্যাট এবং নীট প্রদেয় টাকার পরিমাণ সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
- প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারিত ফরমেট এ চুক্তিনামা সম্পন্ন করতে হবে।
- উপ-প্রকল্প বাস্তবায়নকালীন সার্বক্ষণিক মনিটরিং ও সুপারভিশন অব্যাহত রাখতে হবে যাতে করে প্রাক্কলন অনুযায়ী কাজের মান নিশ্চত হয়।
- উপ-প্রকল্প বাস্তবায়ন শেষে সংশ্লিষ্ট দপ্তর এবং ইউডিএফ কাজ সম্পাদন বিষয়ে প্রত্যয়ন প্রদান করবে।
- প্রতিটি প্রকল্প বাস্তবায়নের পূর্বে উক্ত স্থানের (অবকাঠামো) ভিডিও ও স্টিল পিকচার এবং কার্যক্রম শেষে ভিডিও ও স্টিল পিকচার সরবরাহ করতে হবে।
- আবকাঠামো স্কিমের ক্ষেত্রে উপ-প্রকল্পের নাম, বরাদ্দকৃত অর্থের পরিমাণ, বাস্তবায়নকারী সংস্থা, উপ-প্রকল্প বাস্তবায়নকাল, উপ-প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ, অর্থায়নকারী সংস্থা-JICA/বাংলাদেশ সরকার ইত্যাদি উল্লেখপূর্বক সাইনবোর্ড বা নামফলক দর্শনীয় স্থানে স্থাপন করতে হবে।
- Equipment এর ক্ষেত্রে সংশ্লিষ্ট পণ্যের উপর স্থায়ীভাবে UGDP প্রকল্পের নাম ও গ্রহণ/বাস্তবায়নের তারিখ থাকতে হবে।

- উপ-প্রকল্প বাস্তবায়ন শেয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পরিদর্শনপূর্বক সমাপ্তি প্রতিবেদনের সাথে ঠিকাদার কর্তৃক প্রদত্ত বিল-ভাউচার এর কপি প্রকল্প কার্যালয়ে পাঠাতে হবে।
- ঠিকাদারকে চূড়ান্ত বিল পরিশোধের পর ব্যাংক স্টেটমেন্টসহ আর্থিক প্রতিবেদন প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- প্রতিটি উপ-প্রকল্প বাস্তবায়ন শেষে প্রকল্প ব্যয় প্রতিবেদন প্রস্তুত করতে হবে। প্রকল্প ব্যয় প্রতিবেদনে প্রকল্প বাস্তবায়ন ব্যয়, ভ্যাট ও ট্যাক্স আলাদাভাবে প্রদর্শন করতে হবে। প্রতিবেদন অনুযায়ী ভ্যাট ও ট্যাক্স প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট সরকারের নির্দিষ্ট তহবিলে জমা করে তার কপি সংশ্লিষ্ট উপজেলায় সংরক্ষণের জন্য প্রেরণ করবে। প্রকল্প ব্যয় প্রতিবেদন ছক প্রকল্প অফিস থেকে সরবরাহ করা হবে।
- প্রকল্পের সফল বাস্তবায়ন নিশ্চিত হওয়ার পর উপজেলা পরিষদ বিল অনুমোদন করবে।
- বিল অনুমোদনের পর প্রকল্পের নাম, বিলের টাকার পরিমাণ, আরোপযোগ্য ভ্যাট ও ট্যাক্স (যা প্রকল্প অফিস কর্তৃক পরিশোধ করা হবে) এবং ঠিকাদারের নাম, ঠিকানা, ফোন নম্বরসহ বিলের ০১ (এক) সেট ফটোকপি প্রকল্প অফিসে প্রেরণ করতে হবে।
- উপ-প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় ব্যয়ের বিল-ভাউচার অডিটে প্রদর্শনের জন্য উপজেলা নির্বাহী অফিসারের তত্ত্বাবধানে সংরক্ষণ করতে হবে।

৭/২/১৮

(মোঃ মহসিন)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ফোনঃ ৯৩৪৬১৬৭

উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া উপজেলা, নাটোর।

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ**

০১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
০২. যুগ্ম সচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।
০৪. জেলা প্রশাসক, নাটোর।
০৫. উপ পরিচালক, স্থানীয় সরকার, নাটোর।
০৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।
০৭. উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), বাগাতিপাড়া, নাটোর।
০৮. ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, জাইকা, ঢাকা।